

ডাবল শিফট চালুর প্রতিবাদে আন্দোলনে চবি শিক্ষার্থীরা : কালো বাজ ধারণ

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ডাবল শিফট চালুর প্রতিবাদে আন্দোলন শুরু করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বাণিজ্যিকীকরণ বিরোধী ছাত্রসমাজের ডাকে গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কালো বাজা আন্দোলনে : পৃঃ ১১ কঃ ৩

আন্দোলনে : শিক্ষার্থীরা

(১২ পৃষ্ঠার পর)

ধারণা করেছেন। আজ থেকে সংগঠনটি সগ্রাহব্যাপী আন্দোলন কর্মসূচি ঘোষণা করেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সগ্রাহব্যাপী আন্দোলন কর্মসূচির মধ্যে রয়েছে লিফলেট বিতরণ ও ডিনের কাছে স্মারকলিপি প্রদান। এর মধ্যে আজ থেকে সগ্রাহব্যাপী সময় ধরে সংগঠনের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের সব বিভাগের শিক্ষার্থীদের মধ্যে লিফলেট বিতরণ করে জনমত সৃষ্টি করা হবে।

এরপর আগামী ৯ এপ্রিল বিশ্ববিদ্যালয়ের সব ডিনের কাছে স্মারকলিপি দেয়া হবে। এরপরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ডাবল শিফট চালুর প্রতিবাদে অব্যাহত রাখলে সংগঠনের পক্ষ থেকে আরও কঠোর আন্দোলন কর্মসূচি ঘোষণা করা হবে বলে সূত্র জানিয়েছে।